**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

উপপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

সোনাডাঙ্গা, খুলনা

## সেপ্টেম্বর, ২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত খুলনা জেলার অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | ; মোঃ পারভেজ মোল্যা, সহকারী পরিচালক |
| স্থান | ; উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা এর সম্মেলন কক্ষ |
| সভার তারিখ | ; ০৮ সেপ্টেম্বর, ২০২৫ (বাংলা ২৪ ভাদ্র, ১৪৩২) |
| সময় | ; সকাল ১০.৩০ ঘটিকা |
| উপস্থিত সদস্যবৃন্দ | ; পরিশিষ্ট-ক |

সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে ২০২৫-২৬ অর্থবছরের ৩য় সভায় সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। সভাপতি করোনা ভাইরাস ও ডেঙ্গু বিষয়ে সবাইকে সচেতন থাকা মাস্ক ব্যবহার করা, সামাজিক দুরত্ব বজায় রেখে কাজ করার পরামর্শ প্রদান করেন। অতপর সভাপতির অনুমতিক্রমে জনাব এস,এম বদিউজ্জামান, সহকারী পরিচালক সভার শুরুতে গত আগষ্ট/২০২৫ মাসের সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় জেলা পর্যায়ে পরিচালিত প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ সমূহের ট্রেড ভিত্তিক অগ্রগতি সংশ্লিষ্ট প্রশিক্ষকগণ ধারাবাহিকভাবে সভাকে অবহিত করেন। জেলা ও উপজেলা পর্যায়ে পরিচালিত প্রাতিষ্ঠানিক এবং অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ, আত্মকর্মসংস্থান ও ঋণ কার্যক্রমের অগ্রগতি এবং বিবিধ বিষয় সংশ্লিষ্ট ডেপুটি কো-অর্ডিনেটর,সিনিয়র প্রশিক্ষক/প্রশিক্ষক ও থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। যা নিম্ন ছকে সন্নিবেশিত করা হ'লঃ

** যুব প্রশিক্ষণ,ঋণ, যুব সংগঠন, প্রশাসনিক সমস্যা, আত্মকর্মসংস্থান এবং অন্যান্য কার্যাবলীঃ

<table>
<tr><th>ক্রঃ</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td colspan="2">যুব প্রশিক্ষণ<br><br>জেলা কার্যালয়</td><td>১। জনাব মোঃ মনিরুজ্জামান, সিনিয়র প্রশিক্ষক(দপ্তর) সভাকে জানান, চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে সকল ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম যথারীতি চলছে। এ বিষয়ে সকলের সহযোগীতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>২। জনাব এস,এম বদিউজ্জামান,সহকারী পরিচালক (প্রশিক্ষণ) সভাকে জানান, ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ বর্ষপূঞ্জি/ লক্ষমাত্রা অনুযায়ী আগষ্ট-২৫ পর্যন্ত প্রাতিষ্ঠানিক ট্রেডে চলমান প্রশিক্ষণ তথ্য নিম্নরুপ:
<table>
<tr><th>ট্রেডের নাম</th><th>চ:ব্যাচ</th><th>চ:জন</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>মৎস্য চাষ</td><td>০ টি</td><td>০</td><td>৭০৭৫</td></tr>
<tr><td>পোষাক তৈরী</td><td>১ টি</td><td>২৫</td><td>৩৯৩৭</td></tr>
<tr><td>ব্লক ও বাটিক</td><td>১ টি</td><td>২৫</td><td>১৩১২</td></tr>
<tr><td>ফ্রিল্যান্সিং</td><td>০ টি</td><td>০</td><td>২৮৮</td></tr>
<tr><td>মোবাইল সার্ভিসিং</td><td>০ টি</td><td>০</td><td>১৪০</td></tr>
<tr><td>উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ</td><td>০ টি</td><td>০</td><td>২৪০</td></tr>
<tr><td>বিউটিফিকেশন প্রশিক্ষণ</td><td>০ টি</td><td>০</td><td>২৩৩</td></tr>
<tr><td>ওয়েল্ডিং প্রশিক্ষণ</td><td>০ টি</td><td>০</td><td>১৫০</td></tr>
<tr><td>ফ্যাশন ডিজাইন</td><td>০ টি</td><td>০</td><td>৩০৪</td></tr>
<tr><td>মডার্ন অফিস ম্যানেজমেন্ট</td><td>২ টি</td><td>৮০</td><td>২৪৩১</td></tr>
<tr><td>কম্পিউটার বেসিক</td><td>১ টি</td><td>৭০</td><td>৪৩০৬</td></tr>
<tr><td>কম্পিউটার গ্রাফিক্স</td><td>১ টি</td><td>৩৬</td><td>১৩২২</td></tr>
<tr><td>ইলেক্ট্রিক্যাল এন্ড হাউজ ওয়ারিং</td><td>১ টি</td><td>৩০</td><td>১২৩৬</td></tr>
<tr><td>ইলেক্ট্রিনিক্স</td><td>১ টি</td><td>৩০</td><td>১৩৭৩</td></tr>
<tr><td>রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং</td><td>১ টি</td><td>৩০</td><td>১৩৭৬</td></tr>
<tr><td>ডাটাবেজ ম্যানেজমেন্ট</td><td>০ টি</td><td>০</td><td>১১০</td></tr>
<tr><td>হস্তশিল্প</td><td>০ টি</td><td>০</td><td>১০০</td></tr>
<tr><td>ক্যাটারিং</td><td>০ টি</td><td>০</td><td>১৫০</td></tr>
<tr><td>ইয়ুথ কিচেন</td><td>০ টি</td><td>০</td><td>৮০</td></tr>
<tr><td>সর্বমোট</td><td></td><td>৩২৬</td><td>৩৪০৬৮</td></tr>
</table></td><td>১। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে সকল ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম যথারীতি চলমান। প্রধান কার্যালয়ের নির্দেশনার আলোকে ভর্তি ফি যথানিয়মে সরকারী কোষাগারে নিয়মিত জমা প্রদান করতে হবে। প্রশিক্ষণ চলাকালীন সকল প্রশিক্ষণার্থীর হাজিরা নিশ্চিত করতে হবে। সকল ট্রেডের সনদপত্র প্রধান কার্যালয়ের নির্দেশনা মাফিক প্রেরণ ও বিতরণ করতে হবে। কার্যালয়ের সকল ট্রেড প্রধানকে সিলেবাস অনুযায়ী মানসম্মত প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীর তথ্য উপজেলা কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। একই সাথে প্রধান কার্যালয়ের স্মারক নং-৫২১ ও ৫২২ তারিখ ০৭/০৯/২০২৩ মোতাবেক "প্রাতিষ্ঠানিক ট্রেডের চুড়ান্ত পরীক্ষা আয়োজন,মনিটরিং ও মূল্যায়ন সংক্রান্ত কমিটি গঠন" আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>২। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জেলা কার্যালয়ের অনুমোদন স্বাপেক্ষে সিডিউল অনুযায়ী মানসম্মত প্রশিক্ষণ পরিচালনা যথাসময়ে প্রশিক্ষণের যাতায়াত ভাতা ও সনদপত্র প্রদান নিমিত্ত মনিটরিং করার জন্য সহকারী পরিচালক(প্রশিক্ষণ) কে অনুরোধ করা হয়।</td><td>সহঃপরিচালক(প্রশিক্ষণ)/ সিনিয়র প্রশিক্ষক/<br>প্রশিক্ষক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td colspan="2"></td><td>এবং অপ্রাতিষ্ঠানিক ট্রেডে ০২ টি মেট্রো থানা ও ০৯ টি উপজেলায় আগষ্ট-২৫ পর্যন্ত লক্ষমাত্রার বিপরীতে অর্জন:
<table>
<tr><th>ট্রেডের নাম</th><th>লক্ষমাত্রা</th><th>চ:ব্যাচ</th><th>চ:জন</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>অপ্রাতিষ্ঠানিক ট্রেড</td><td>৪৮০০</td><td>০টি</td><td>০</td><td>১০৮৬০৫</td></tr>
<tr><td>সর্বমোট</td><td></td><td>০টি</td><td>০</td><td>১০৮৬০৫</td></tr>
</table>
২০২৫-২৬ অর্থবছরে জেলা ও উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং করা হচ্ছে এবং যথাসময়ে প্রশিক্ষণের যাতায়াত ভাতা ও সনদপত্র প্রদান করা হবে। প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ বর্ষপূঞ্জী অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যহত রাখতে হবে।</td><td>১. প্রশিক্ষণ বর্ষপুঞ্জি অনুযায়ী সেপ্টেম্বর-২৫ মাসের ৪র্থ সপ্তাহ হতে ১ম ব্যাচ অপ্রাঃ প্রশিক্ষণ শুরু হবে। সে অনুযায়ী প্রশিক্ষণ শুরুর পূর্বেই জেলার অনুমোদন গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।<br>২. প্রধান কার্যালয়ের স্মারক নং-১০৯ তারিখ: ০৮/০৭/২০২৪ এর নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।</td><td>সহঃপরিচালক(প্রশিক্ষণ)/ সিনিয়র প্রশিক্ষক/<br>প্রশিক্ষক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>(সকল)</td></tr>
</table>

<table>
<tr>
<td>যুব প্রশিক্ষণ কেন্দ্র,খুলনা</td>
<td>
জনাব এইচ এম নুরুজ্জামান, ডেপুটি কো অর্ডিনেটর সভায় জানান, চলতি ২০২৫-২৬ অর্থবছরের জন্য তিনমাস মেয়াদী প্রশিক্ষণ ক্লাশ চলমান। উপজেলা ভিত্তিক কোটা অনুযায়ী প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী প্রেরণ এবং প্রশিক্ষণার্থী ভর্তির বিষয়ে সকল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের সহযোগীতার করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>
২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ বর্ষপুঞ্জি/ লক্ষমাত্রা অনুযায়ী আগষ্ট-২৫ পর্যন্ত অর্জন:
<table>
<tr><th>ট্রেডের নাম</th><th>চ:ব্যাচ</th><th>চ:জন</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>‘গবাদীপশু,হাঁস-মুরগীপালন, প্রাথমিক চিকিৎসা,মৎস্য চাষ ও কৃষি’’বিষয়ক প্রশিক্ষণ কোর্স</td><td>১টি</td><td>৬০</td><td>২৮০৯</td></tr>
<tr><td>১ মাস মেয়াদী কৃষি ও হর্টিকালচার</td><td>০টি</td><td>০</td><td>১১৩</td></tr>
<tr><td>১ মাস মেয়াদী গবাদী পশুপালন</td><td>০টি</td><td>০</td><td>২৭১২</td></tr>
<tr><td>১ মাস মেয়াদী হাস-মুরগী পালন</td><td>০ টি</td><td>০</td><td>১৫৮</td></tr>
<tr><td>১ মাস মেয়াদী মৎস্য চাষ</td><td>০ টি</td><td>০</td><td>১৭২</td></tr>
<tr><td>আত্মকর্মী থেকে উদ্যোক্তা</td><td>০ টি</td><td>০</td><td>৩০</td></tr>
<tr><td>সর্বমোট</td><td></td><td>৬০</td><td>৬০৩৪</td></tr>
</table>
</td>
<td>
১। সিলেবাস অনুযায়ী মানসম্মত প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীর তথ্য উপজেলা কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়।<br>
একই সাথে প্রধান কার্যালয়ের স্মারক নং-৫২১ ও ৫২২ তারিখ ০৭/০৯/২০২৩ মোতাবেক ‘‘প্রাতিষ্ঠানিক ট্রেডের চুড়ান্ত পরীক্ষা আয়োজন,মনিটরিং ও মূল্যায়ন সংক্রান্ত কমিটি গঠন’’ আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>
২। প্রধান কার্যালয়ের স্মারক নং-১০৯ তারিখ: ০৮/০৭/২০২৪ এর নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
</td>
<td>ডেপুটি কো-অর্ডিনেটর,খুলনা</td>
</tr>
<tr>
<td>ঋণ কার্যক্রমঃ</td>
<td>
১। জেলাধীন ১১টি থানা/উপজেলা কার্যালয়ের মাধ্যমে চলতি অর্থবছরে (আগষ্ট-২৫) টার্গেট অনুযায়ী ঋণ বিতরণ ও চলমান আদায় এর সংক্ষিপ্ত তথ্য চিত্র নিম্নরূপ:
<table>
<tr><th rowspan="2">উপজেলার নাম</th><th colspan="2">ঋণ বিতরণ</th><th rowspan="2">চ:আ: হার</th></tr>
<tr><th>লক্ষমাত্রা</th><th>অর্জন সংখ্যা</th></tr>
<tr><td>সদর থানা</td><td>৯৩</td><td>১৩</td><td>১০০</td></tr>
<tr><td>খালিশপুর থানা</td><td>৯৩</td><td>১৮</td><td>১০০</td></tr>
<tr><td>রূপসা</td><td>১১৩</td><td>৭</td><td>৯৯</td></tr>
<tr><td>দাকোপ</td><td>৮২</td><td>১২</td><td>৯৯</td></tr>
<tr><td>ডুমুরিয়া</td><td>১১৩</td><td>১৩</td><td>৯৭</td></tr>
<tr><td>বটিয়াঘাটা</td><td>৮২</td><td>৮</td><td>৯৫</td></tr>
<tr><td>ফুলতলা</td><td>৮২</td><td>১৮</td><td>৯৫</td></tr>
<tr><td>দিঘলিয়া</td><td>১১৩</td><td>২</td><td>৯৬</td></tr>
<tr><td>তেরখাদা</td><td>৮২</td><td>১৫</td><td>৮২</td></tr>
<tr><td>কয়রা</td><td>৫১</td><td>৫</td><td>১০০</td></tr>
<tr><td>পাইকগাছা</td><td>৫১</td><td>২৬</td><td>৮৬</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৯৫৫</td><td>১৩৭</td><td>৯৬%</td></tr>
</table>
চলমান আদায় শতভাগ করা, কিস্তিখেলাপী, ঋণ খেলাপী আদায়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জুলাই-২৪ মাসের অসহযোগ চলাকালীন সময় ঋণ আদায় ব্যহত হওয়ায় প্রায় সকল উপজেলায় কিস্তি খেলাপী বৃদ্ধি পেয়েছে এবং ঋণ খেলাপীতে পরিণত হয়েছে।<br>
২। পরিবার ভিত্তিক কর্মসূচির ঋণ সংক্রান্ত আলোচনা করা হয়। উপজেলায় কেন্দ্র গঠনের নির্দেশনা অনুযায়ী যথাসময়ে কেন্দ্র জরীপ সম্পন্ন করে কেন্দ্র গঠনের আলোচনা করা হয়।<br>
৩। ঋণের ডাটাবেজ সফটওয়ারে হালনাগাদ তথ্য পূরণ সংক্রান্ত আলোচনাঃ সভায় আগষ্ট-২৫ মাসে আগত উপজেলা ঋণ প্রতিবেদন এর সাথে ঋণের ডাটাবেজ এ মিল/অমিল সংক্রান্ত তথ্য উপস্থাপন করা হয়।<br>
৪। কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্পের ঋণ সংক্রান্ত আলোচনা। বর্তমানে এ প্রকল্পে খুলনা জেলায় কোন অনাদায়ী নাই।<br>
৫। স্টিয়ারিং কমিটির ১২ তম সভায় ঋণের সিলিং বৃদ্ধিসহ ঋণ নীতিমালায় নতুন কিছু সংশোধনী আনা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>
৬। যুব উদ্যোক্তা ঋণ উপজেলা পর্যায়ে সম্প্রসারণের লক্ষ্যে প্রতিটি উপজেলায় নতুন ব্যাংক হিসাব খোলা সহ ১০ লক্ষ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে।
</td>
<td>
১। স্টিয়ারিং কমিটির ১২ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী সকল কার্যাদী সম্পন্ন করার জন্য সকলকে পরামর্শ প্রদান করা হলো।<br>
২। চলমান আদায় শতভাগ অর্জন শুধমাত্র সদর ইউনিট থানা,খালিশপুর ইউনিট থানা ও কয়রা উপজেলায় সম্ভব হয়েছে। বিতরণ লক্ষমাত্রার বিপরীতে কোন উপজেলাতে পর্যাপ্ত ঋণ বিতরণ হয়নি । বর্ণিত উপজেলায় ঋণ বিতরণ ও চলমান আদায় শতভাগ নিমিত্ত সকলকে পরামর্শ প্রদান করা হলো। অপ্রাতিষ্ঠানিক ঋণ অনুমোদন সভার কার্যবিবরণীর কপি জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে। চলতি ২০২৫-২৬ অর্থবছরে লক্ষমাত্রা অনুযায়ী ধারবাহিকভাবে ঋণ বিতরণ ও বিগত বছরের সমূদয় কিস্তি খেলাপী আদায় সহ চলমান আদায় ১০০% উন্নীত করতে জোর তাগাদা প্রদান করা হয়। স্ব-স্ব উপজেলার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণকে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে আরও দায়িত্বশীল ভুমিকা পালনের জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। কোন মতেই চলমান ঋণের কিস্তি খেলাপী করা যাবেনা মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>
৩। চলতি অর্থবছরে উপজেলায় কেন্দ্র গঠনের নির্দেশনা অনুযায়ী যথাসময়ে কেন্দ্র জরীপ সম্পন্ন করে কেন্দ্র গঠন সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের সভায় পরামর্শ প্রদান করা হয়। একইসাথে কোন মতেই চলমান ঋণের কিস্তি খেলাপী করা যাবেনা মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য প্রধান কার্যালয়ের পরিচালক(দাঃবিঃওঋণ) মহোদয়ের টেলিফোনিক নির্দেশনার প্রেক্ষিতে দাকোপ,বটিয়াঘাটা,ফুলতলা,দিঘলিয়া ও তেরখাদা উপজেলায় পরিবার ভিত্তিক কর্মসূচির ঋণ খেলাপীর সমূদয় টাকা আগামী ০১ মাসের মধ্যে আদায় নিশ্চিত করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।<br>
৪। ৩০/০৯/২০২৫ তারিখের মধ্যে ঋণের ডাটাবেজ হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।<br>
৫। খুলনা জেলার আওতাধীন ০২ টি মেট্রো থানা ও ০৯ উপজেলায় যুব উদ্যোক্তা ঋণ কার্যক্রম শুরু হয়েছে। এ পর্যায়ে ঋণ তহবিল পাওয়া গেছে। যুব উদ্যোক্তা ঋণ নির্দেশিকা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল)</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>আত্মকর্মসংস্থানঃ</td>
<td>প্রশিক্ষণ প্রাপ্ত যুব ও যুবনারীদেরকে আত্মকর্মসংস্থানে নিযুক্ত হতে উদ্বুদ্ধ করা সংক্রান্ত আলোচনা হয়। আত্মকর্মসৃজন প্রতিবেদন ফরম নতুন করে প্রধান কার্যালয় হতে সরবরাহ করা হয়েছে। আগষ্ট-২৫ মাসের তথ্যঃ
<table>
<tr><th>লক্ষ্যমাত্রা ২০২৫-২৬</th><th>মাসে অর্জন</th><th>বছরের অর্জন</th><th>ক্রমপুঞ্জিত অর্জন</th></tr>
<tr><td>১১৭০</td><td>৯৯</td><td>১৬০</td><td>৫৫০৭৭</td></tr>
</table>
</td>
<td>প্রশিক্ষণ প্রাপ্ত যুব ও যুবনারীদেরকে আত্মকর্মসংস্থানে নিযুক্ত হতে উদ্বুদ্ধ করতে জেলা ও উপজেলার কর্মকর্তাদের পরামর্শ প্রদানসহ উক্ত প্রতিবেদন নতুন ফরমে যথাসময়ে জেলায় প্রেরণ করতে হবে এবং আত্মকর্মসৃজন রেজিষ্টার এ সঠিক তথ্যসহ হালনাগাদ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>সিনিয়র প্রশিক্ষক/ প্রশিক্ষক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>ইমপ্যাক্ট প্রকল্প:</td>
<td>ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার সভায় জানান, ইমপ্যাক্ট (ফেজ-৩) প্রকল্প এর মেয়াদ জুন-২৫ পর্যন্ত শেষ হয়েছে। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কাজ চলমান রয়েছে। মাঠ পর্যায়ের কার্যক্রম চলমান রাখার জন্য প্রধান কার্যালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে।</td>
<td>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহিত হয় যে, জুন-২০২৫ এর মধ্যে ঋণের সমূদয় টাকা বিতরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। এ প্রকল্পে জনবল স্বল্পতার কারণে খুলনা জেলাধীন সকল উপজেলায় তাঁর নিয়ন্ত্রাধীন সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের ইমপ্যাক্ট (ফেজ-৩) প্রকল্পে ট্যাগ করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(সকল)</td>
</tr>
<tr>
<td>প্রশাসনিকঃ</td>
<td>কর্মকর্তা-কর্মচারীদের যথাসময়ে অফিসে আগমন, প্রস্থান ও ৯.৪০ মিঃ পর্যন্ত অফিস কক্ষে অবস্থান নিশ্চিত করণের বিষয়ে ও শূণ্যপদ নিয়ে আলোচনা হয়।</td>
<td>১. কর্মকর্তা-কর্মচারীদের অফিসে নিয়মিত যথাসময়ে উপস্থিত, প্রস্থান এবং সকাল ৯.০০ থেকে ৯.৪০ মিঃ পর্যন্ত অফিস কক্ষে অবস্থান করতে হবে। নিয়ন্ত্রণকারীর পূর্ব অনুমোদন/অনুমতি ছাড়া অফিস ত্যাগ করা যাবেনা। কোন ক্রমেই নিয়ন্ত্রণকারীর অনুমোদন/অনুমতি ছাড়া প্রধান কার্যালয়ে গমন করা যাবেনা মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. কয়রা ও পাইকগাছা উপজেলায় ০২ জন করে এবং বটিয়াঘাটা, দাকোপ, ফুলতলা ও তেরখাদা উপজেলায় ০১ জন করে মোট এ জেলায় ০৮ জন সহকারী উপজেলা যুব কর্মকর্তার পদ শূণ্য রয়েছে। উক্ত ০৬ টি উপজেলায় সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,ও কয়রা, বটিয়াঘাটা উপজেলায় অফিস সহায়ক এবং জেলা কার্যালয়ে নৈশপ্রহরী পদায়ন দেওয়ার জন্য সভার মাধ্যমে প্রধান কার্যালয়কে পুনরায় অনুরোধ করা হয়।</td>
<td>প্রধান কার্যালয়/জেলা কার্যালয়/যুব প্রশিক্ষণ কেন্দ্র/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়</td>
</tr>
<tr>
<td>যুব সংগঠনঃ</td>
<td>লক্ষমাত্রা অনুযায়ী সকল উপজেলাকে সংগঠন নিবন্ধন করা বিষয়ে আলোচনা । আগষ্ট-২৫ মাসের তথ্যঃ
<table>
<tr><th>লক্ষ্যমাত্রা ২০২৫-২৬</th><th>মাসে অর্জন</th><th>বছরের অর্জন</th><th>ক্রমপুঞ্জিত অর্জন</th></tr>
<tr><td>১১ টি</td><td>০</td><td>২</td><td>(৯৫+৪৯)=১৪৪</td></tr>
</table>
</td>
<td>লক্ষমাত্রা অনুযায়ী প্রতিটি উপজেলাকে নূন্যতম ০১ টি যুব সংগঠন যথাযথ নির্দেশনা ও নীতিমালা অনুযায়ী নিবন্ধন করতে নির্দেশনা প্রদান করা হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল)</td>
</tr>
<tr>
<td>এপিএঃ</td>
<td>২০২৫-২৬ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষর ও এর লক্ষমাত্রা বিষয়ে আলোচনা করা হয়</td>
<td>প্রধান কার্যালয়ের নির্দেশনা না পাওয়ায় ২০২৫-২৬ অর্থবছরের খুলনা জেলার আওতাধীন ১১ টি থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের সাথে উপপরিচালক,খুলনা মহোদয়ের এপিএ চুক্তি স্বাক্ষর হয়নি।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল)</td>
</tr>
<tr>
<td>শুদ্ধাচারঃ</td>
<td>জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত আলোচনা করা হয়</td>
<td>জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়নে জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।</td>
<td>সিনিয়র প্রঃ/ প্রঃ ও উপঃ যুব উঃ কঃ</td>
</tr>
<tr>
<td>তথ্য বাতায়নঃ</td>
<td>জেলা ও উপজেলা তথ্য বাতায়ন হালনাগাদ করা সংক্রান্ত আলোচনা।</td>
<td>খুলনা জেলা ও আওতাধীন উপজেলা কার্যালয়ের ওয়েবপোর্টাল/তথ্য বাতায়নের সেবাবক্সের সকল লিংক, সকল কর্মকর্তাগণের মোবাইল নম্বর, ছবি ই-মেইলসহ তালিকা, নোটিশ বোর্ড, বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা, জাতীয় শুদ্ধাচার কার্যক্রম, সেবাপ্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার, সেবা সহজীকরন, ফোকাল পয়েন্ট কর্মকর্তা তালিকা হালনাগাদ আপলোড করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। প্রধান কার্যালয়ের স্মারক নং-৪৪ তারিখ: ০১/১০/২০২৪ এর নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ঠ সকলকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।</td>
<td>সহকারী পরিচালক/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| বিবিধ আলোচনা | ১. তারুন্যের উৎসব ২০২৫ (২য় সংস্করণ) সম্পর্কে আলোচনা<br><br>২. প্রতিবেদন সম্পর্কে আলোচনা করা হয়।<br><br>৩. প্রতিমাসের অভ্যন্তরীণ সমন্বয় সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের বাধ্যতামূলক উপস্থিতি নিশ্চিতকরণ সম্পর্কে আলোচনা। | ১। তারুন্যের উৎসব ২০২৫ (২য় সংস্করণ) সম্পর্কে আলোচনা করা হয়। স্ব স্ব উপজেলা নির্বাহী অফিসারের পরামর্শে কার্যক্রম গ্রহণ সহ স্বচিত্র প্রতিবেদন জেলা কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।<br>২। উপজেলা যুব উন্নয়ন কমিটি ও বেসরকারী যুব সংগঠনের সাথে ত্রৈমাসিক সভার কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ করার জন্য বলা হয়।<br>৩। প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে সকল প্রতিবেদন(ঋণ প্রতিবেদন পরবর্তি মাসের ৩ তারিখের মধ্যে উপজেলা হতে প্রেরণ করতে খুলনা জেলাধীন সকল উঃযুঃউঃ কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।<br>৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ মাসের অগ্রিম ভ্রমণসূচি জেলা কার্যালয় হতে অনুমোদন গ্রহণ করবেন।<br>৫। প্রতিমাসের অভ্যন্তরীণ সমন্বয় সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের বাধ্যতামূলক উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | সহকারী পরিচালক/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

আগামী ২০২৫-২৬ অর্থবছরে এপিএ চুক্তি অনুযায়ী লক্ষ্যমাত্রার বিপরীতে সকল কাজ যথাযথভাবে সকলের সহযোগিতায় সম্ভব হবে এ আশাবাদ ব্যক্ত করে সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ পারভেজ মোল্যা)
সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা
E-mailt ddkhulna@dyd.gov.bd
ফোনঃ ০২-৪৪১১০৯৪৭।

নং - ৩৪.০১.৪৭০০.০০০.০৬.০০২.২০১৩-৮৪৪

তারিখঃ বাংলা ২৪ ভাদ্র, ১৪৩২
০৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'লঃ

০১। মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
০২। পরিচালক (সকল)....................................., যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
০৩। ডেপুটি কো -অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা
০৪। সকল প্রশিক্ষণ ট্রেড প্রধানগণ......................................................, জেলা কার্যালয়, খুলনা
০৫। উপজেলা/ থানা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সদর/ খালিশপুর/ রূপসা /দাকোপ/ ডুমুরিয়া/ বটিয়াঘাটা/ ফুলতলা/দিঘলিয়া/তেরখাদা/কয়রা/পাইকগাছা, খুলনা
০৬। অফিস নথি/ মাষ্টার ফাইল

(এস এম বদিউজ্জামান)
সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা
ফোন: ০২-৪৭৭৭২৬৯৪৯।

**'পরিশিষ্ট - 'ক'(স্বাক্ষরের ক্রমানুসারে )**

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০১ | জনাব এইচ এম নুরুজ্জামান,ডেপুটি কো অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র ,খুলনা | ০৮/০৯/২০২৫ |
| ০২ | জনাব মোঃ পারভেজ মোল্যা, সহকারী পরিচালক (প্রশাসন) ,যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা | ” |
| ০৩ | জনাব এস, এম, বদিউজ্জামান, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) ,যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা | ” |
| ০৪ | জনাব মোঃ মনিরুজ্জামান,সিনিয়র প্রশিক্ষক(স্টেনোটাইপিং), যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা | ,, |
| ০৫ | জনাব মোঃ ওবায়েদুল হক হাওলাদার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলতলা, খুলনা ও অঃদাঃ কয়রা,খুলনা | ” |
| ০৬ | জনাব শেখ বজলুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রুপসা, খুলনা | ” |
| ০৭ | জনাব মোঃ রেজাউল করিম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দাকোপ, খুলনা | ,, |
| ০৮ | জনাব সেখ মাহবুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সদর ইউনিট, খুলনা | ” |
| ০৯ | জনাব এস এম কামরুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,ডুমুরিয়া,খুলনা ও অঃদাঃ পাইকগাছা,খুলনা | ,, |
| ১০ | জনাব মোনায়েম খান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,দিঘলিয়া,খুলনা | ,, |
| ১১ | জনাব এমডি, আঃ হাই, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | ” |
| ১২ | জনাব মোঃ মাহফুজুর রহমান খান, প্রশিক্ষক (মৎস্য) যুব উন্নয়ন অধিদপ্তর ,খুলনা | ,, |
| ১৩ | জনাব মোঃ সাইদুর রহমান, প্রশিক্ষক(কম্পিউটার) যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা | ,, |
| ১৪ | জনাব নাজমা বেগম, প্রশিক্ষক(ইলেকট্রনিক্স) যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা | ,, |
| ১৫ | জনাব সারাবান তহুরা, প্রশিক্ষক (পোষাক) যুব উন্নয়ন অধিদপ্তর ,খুলনা | ” |
| ১৬ | জনাব প্রদীপ কুমার দাস, প্রশিক্ষক (ইলেকট্রিক্যাল) যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা | ,, |
| ১৭ | জনাব জেড এম খায়রুল ইসলাম, সহকারী থানা যুব উন্নয়ন কর্মকর্তা, খালিশপুর ইউনিট থানা, খুলনা | ’’ |
| ১৮ | জনাব মোঃ শফিকুল ইসলাম, সহকারী প্রশিক্ষক(আর,এ,সি), যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা | ’’ |
| ১৯ | জনাব মাছুমা সুলতানা, ডাটা এন্ট্রি অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা | ” |